

# সমকাল

## টেকনিক্যাল শিক্ষকদের দ্বিতীয় শিফট চালিয়ে যেতে বললেন নওফেল

১৬ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

সারাদেশে সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ এবং সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের দ্বিতীয় শিফটে শিক্ষক-কর্মচারীদের দায়িত্ব পালন করে যাওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল।

দ্বিতীয় শিফট নিয়ে দেশজুড়ে চলমান সমস্যা সমাধানে শিক্ষা মন্ত্রণালয় কাজ করছে জানিয়ে উপমন্ত্রী বলেন, শিক্ষকদের অতিরিক্ত অর্থ বরাদ্দের দাবি অর্থ মন্ত্রণালয়ের সঙ্গেও সম্পর্কিত। এ জন্য প্রধানমন্ত্রীর দেশে ফেরা পর্যন্ত অপেক্ষা করতে হবে। তার নির্দেশনায় পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

গতকাল রোববার তিনি রাজধানীর ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযানে অংশ নিয়ে এসব কথা বলেন।

অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী বলেন, দেশের বর্তমান ডেঙ্গু প্রকোপ মোকাবেলায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে। প্রতিটি ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দীন আহমেদ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক রওনক মাহমুদ।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com